

## ভর্তি

# গুচ্ছ থেকে এবার বেরিয়ে গেল শাহজালাল বিশ্ববিদ্যালয়, নেবে আলাদা ভর্তি পরীক্ষা

প্রতিনিধি শাহজালাল বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ০৮ ডিসেম্বর ২০২৪, ১০: ২১



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পর গুচ্ছ পদ্ধতির (সাধারণ, বিজ্ঞান ও টেকনোলজি-জিএসটি) ভর্তি পরীক্ষা থেকে বের হয়ে স্নাতক প্রথম বর্ষে স্বতন্ত্রভাবে ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি)। গতকাল শনিবার রাতে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘গুচ্ছ থেকে বের হয়ে শাবিপ্রবিতে স্বতন্ত্রভাবে ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। ১২ ডিসেম্বর বেলা তিনটায় নির্ধারিত একাডেমিক কাউন্সিলের সভায় স্বতন্ত্রভাবে ভর্তি পরীক্ষা নেওয়ার পদ্ধতি ও বিস্তারিত নির্দেশিকা চূড়ান্ত করা হবে। ইতিমধ্যে ভর্তি কমিটি এসব বিষয়ে কাজের অগ্রগতি অনেক দূর এগিয়ে নিয়ে গেছে।’

এদিকে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে বৈঠকের পর গুচ্ছ থেকে বের হওয়ার এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে জানিয়ে শাবিপ্রবি উপাচার্য অধ্যাপক সরওয়ার উদ্দিন চৌধুরী সাংবাদিকদের বলেন, ‘আমরা গুচ্ছ ভর্তি প্রক্রিয়া থেকে বেরিয়ে এসেছি। আগামী শিক্ষাবর্ষ থেকে নিজস্ব ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী ভর্তি নেওয়া হবে।’

এর আগে ২০২০-২১ শিক্ষাবর্ষ থেকে গুচ্ছ পদ্ধতির মাধ্যমে স্নাতক প্রথম বর্ষ প্রথম সেমিস্টারের শিক্ষার্থী ভর্তি করে আসছে শাবিপ্রবি। এর পর থেকে মানসম্মত শিক্ষার্থীর সংকট, ফাঁকা আসন নিয়ে পাঠদান কার্যক্রম শুরু, দীর্ঘ ভর্তির প্রক্রিয়া, মেধাবীদের ভর্তিতে অনাগ্রহ, স্বকীয়তা হারানো, গণবিজ্ঞপ্তি দিয়েও শিক্ষার্থী না পাওয়া, অর্থনৈতিক ক্ষতি এবং বিশ্ববিদ্যালয়ের সুনামের ক্ষতিসহ নানামুখী চ্যালেঞ্জের বিষয় সামনে আনেন শিক্ষক ও শিক্ষার্থীরা।

এ জন্য গুচ্ছ থেকে বের হয়ে শাবিপ্রবি স্বতন্ত্রভাবে ভর্তি পরীক্ষা নেওয়ার দাবি জানিয়ে আসছিলেন তাঁরা। গত ২৫ নভেম্বর এ দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেন শিক্ষার্থীরা। এর আগে গুচ্ছ থেকে বের হয়ে আসতে ৪ ডিসেম্বর শিক্ষক সমিতির সাধারণ সভায় সিদ্ধান্ত হয়, গুচ্ছ থাকলে শিক্ষকেরা কর্তৃপক্ষকে কোনো ধরনের সহযোগিতা করবেন না। এরপরই গুচ্ছ শাবিপ্রবি থাকছে না, এমন সিদ্ধান্ত এল।

